**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ১৩ এপ্রিল ২০১৬, ৩০ চৈত্র ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একনেকে কৃষি উন্নয়নে মহাপরিকল্পনাসহ ৮ প্রকল্প অনুমোদন
২। জাতীয় মাছ ইলিশ রক্ষার স্বার্থে পহেলা বৈশাখে ইলিশ খাবেন না প্রধানমন্ত্রী
৩। বাংলাদেশের সঙ্গে সম্পর্ককে সর্বোচ্চ গুরুত্ব দেয় ভারত
: স্বাস্থ্যমন্ত্রী ও পরিবেশ মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকালে ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জি
৪। বিশ্ব জ্বালানি সূচকে ১০ ধাপ এগিয়েছে বাংলাদেশ: ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম
৫। অপরাধীদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করা হবে
: রডের বদলে বাঁশ ব্যবহার বিষয়ে কৃষি মন্ত্রণালয়
৬। বায়োমেট্রিক পদ্ধতিতে মোবাইল সিম নিবন্ধন বৈধ : হাইকোর্ট
৭। প্রমাণ হলে চুরি হওয়া অর্থ ফেরত দেবে রিজাল ব্যাংক : টাকা উদ্ধারে হাইকোর্টের রুল
৮। পহেলা বৈশাখ উপলক্ষে র‌্যাবের বিশেষ নিরাপত্তা ব্যবস্থা
৯। দখল-দূষণে অস্তিত্ব হারাচ্ছে ঢাকার লেকসমূহ : পবার প্রতিবেদন
১০। আজ চৈত্র সংক্রান্তি, আগামীকাল বাংলা নববর্ষ

চলমান পাতা/২

**১। একনেকে কৃষি উন্নয়নে মহাপরিকল্পনাসহ ৮ প্রকল্প অনুমোদন**

কৃষি উন্নয়নের দীর্ঘমেয়াদি মহাপরিকল্পনাসহ আট উন্নয়ন প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি। এগুলো বাস্তবায়নে মোট ব্যয় হবে তিন হাজার ৫৮৩ কোটি ৯৯ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে এক হাজার ৫৭১ কোটি ৪৬ লাখ টাকা,বাস্তবায়নকারী সংস্থার নিজস্ব তহবিল থেকে ৯৮ কোটি ৭২ লাখ টাকা এবং বৈদেশিক সহায়তা থেকে ৯১৩ কোটি ৮১ লাখ টাকা ব্যয় হবে। গতকাল **১২** এপ্রিল মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেক সভায় এ অনুমোদন দেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ. ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯ ক.২), **ডেইলি সান** (পৃ.১ ক.২)।

**২। জাতীয় মাছ ইলিশ রক্ষার স্বার্থে পহেলা বৈশাখে ইলিশ খাবেন না প্রধানমন্ত্রী**

জাতীয় মাছ ইলিশ রক্ষার স্বার্থে নববর্ষ উদ্‌যাপনের দিন পহেলা বৈশাখে ইলিশ মাছ খাবেন না প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল **১২** এপ্রিল মঙ্গলবার প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সংবাদ বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, ঐতিহ্যবাহী জাতীয় মাছ ইলিশ রক্ষার স্বার্থে নববর্ষ উদ্‌যাপনের দিনে খাদ্যতালিকায় ইলিশের কোনো আইটেম রাখছেন না প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১ ক.৮), **ইত্তেফাক** (পৃ.১ ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১ ক.১), **অবজারভার** (পৃ.১ ক.৫)।

**৩। বাংলাদেশের সঙ্গে সম্পর্ককে সর্বোচ্চ গুরুত্ব দেয় ভারত**
**: স্বাস্থ্যমন্ত্রী ও পরিবেশ মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকালে ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জি**

ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জি বলেন, বাংলাদেশের সঙ্গে সম্পর্ককে ভারত সবসময় সর্বোচ্চ গুরুত্ব দেয়। দুই দেশের বিদ্যমান সম্পর্ককে আরো উচ্চতায় নিয়ে যেতে তাঁর দেশ প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, ২০১৫ সাল দুই দেশের সম্পর্কের জন্য একটি ঐতিহাসিক বছর। কারণ ওই বছরে দুই দেশের মধ্যে স্থল সীমান্ত চুক্তি বাস্তবায়িত হয়েছে। নয়াদিল্লীতে বাঘ সংরক্ষণ বিষয়ক তৃতীয় এশীয় মন্ত্রী পর্যায়ের সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে যোগদানের পর পরিবেশ মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু ও স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম গতকাল **১২** এপ্রিল মঙ্গলবার নয়াদিল্লীর রাষ্ট্রপতি ভবনে প্রণব মুখার্জির সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১ ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ. ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯ ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১ ক.১)।

**৪। বিশ্ব জ্বালানি সূচকে ১০ ধাপ এগিয়েছে বাংলাদেশ: ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম**

বিশ্বের জ্বালানি সূচকে জ্বালানি ব্যবস্থাপনায় বাংলাদেশ **১০** ধাপ এগিয়েছে। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম এই সূচক প্রকাশ করেছে। জেনেভাভিত্তিক ডব্লিউইএফ তাদের প্রকাশিত 'এনার্জি আর্কিটেকচার পারফরম্যান্স ইনডেক্স (ইএপিআই) ২০১৬' সূচকে বাংলাদেশের অবস্থান ১০৬। ২০১৫ সালের ইএপিআই সূচকে বাংলাদেশের অবস্থান ছিল **১১৬**। সূচকের এই অগ্রগতির পাশাপাশি উন্নত জ্বালানি ব্যবস্থাপনা, অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়ন, পরিবেশগত ঝুঁকি মোকাবেলায় সক্ষমতা এবং জ্বালানি সুবিধা ও নিরাপত্তায় উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ. ২ ক.৬ ), **ইত্তেফাক** ( পৃ.১৮ ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯ ক.৬)। **ডেইলি স্টার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৫। অপরাধীদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করা হবে : রডের বদলে বাঁশ ব্যবহার বিষয়ে কৃষি মন্ত্রণালয়**

চুয়াডাঙ্গায় কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন উদ্ভিদ সঙ্গনিরোধ কেন্দ্রের ভবন নির্মাণে লোহার রডের পরিবর্তে বাঁশ ব্যবহারের বিষয়ে কঠোর সিদ্ধান্ত নিতে যাচ্ছে কৃষি মন্ত্রণালয়। প্রাথমিক তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলাসহ প্রকল্প পরিচালককে শাস্তিমূলক বদলি করা হয়েছে। ইতোমধ্যে নতুন নির্মাণ কাজ বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে। কৃষি মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে, প্রাথমিক তথ্যের ভিত্তিতে এসব ব্যবস্থা নেওয়া হয়েছে।

পূর্ণাঙ্গ তদন্ত শেষে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে চিহ্নিত অপরাধীদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১ ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ. ক.৬), **সমকাল** (পৃ.১ ক.১), **ডেইলি স্টার** (পৃ.৪ ক.২)।



**৬। বায়োমেট্রিক পদ্ধতিতে মোবাইল সিম নিবন্ধন বৈধ : হাইকোর্ট**

বায়োমেট্রিক পদ্ধতিতে মোবাইল ফোনের সিম নিবন্ধন বৈধ বলে রায় দিয়েছে হাইকোর্ট। এ পদ্ধতিতে সিম নিবন্ধনের বৈধতা চ্যালেঞ্জ করে দায়ের হওয়া এক রিট আবেদনের নিষ্পত্তি করে বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও বিচারপতি এ কে এম সাহিদুল হকের বেঞ্চ গতকাল **১২** এপ্রিল মঙ্গলবার নির্দেশনা ও পর্যবেক্ষণসহ এই রায় দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১ক.৮), **ইত্তেফাক** (পৃ.১ ক. ৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১ ক.২), **অবজারভার** (পৃ.১ ক.১)।

**৭। প্রমাণ হলে চুরি হওয়া অর্থ ফেরত দেবে রিজাল ব্যাংক : টাকা উদ্ধারে হাইকোর্টের রুল**

বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের চুরি হওয়া অর্থ উদ্ধারের ব্যবস্থা করার জন্য অর্থমন্ত্রী, অর্থসচিব, মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ ব্যাংকের গভর্নরসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে রুল জারি করেছেন বাংলাদেশের সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ। বিচারপতি জিনাত আরা ও বিচারপতি এ কে এম জাহিরুল হকের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল **১২** এপ্রিল মঙ্গলবার এ রুল জারি করেন। অন্যদিকে দোষী সাব্যস্ত হলে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের চুরি যাওয়া অর্থ ফেরত দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে ফিলিপাইনের রিজাল কমার্শিয়াল ব্যাংকিং কর্পোরেশন (আরসিবিসি)। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১ ক.৫), **সংবাদ** (পৃ.১ ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১ ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৪ ক.৭)।

**৮। পহেলা বৈশাখ উপলক্ষে র‍্যাবের বিশেষ নিরাপত্তা ব্যবস্থা**

র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) মহাপরিচালক বেনজীর আহমেদ খোলা জায়গায় বিকেল ৫ টার মধ্যে বাংলা নববর্ষের সব অনুষ্ঠান শেষ করার আহ্বান জানিয়েছেন। এছাড়াও র‍্যাব মহাপরিচালক জানান, পহেলা বৈশাখে জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে আকাশপথেও নিরাপত্তা দেবে র‍্যাব। গতকাল **১২** এপ্রিল মঙ্গলবার বিকালে রমনার বটমূলে পহেলা বৈশাখ উপলক্ষে র‍্যাবের প্রস্তুতি কাজ পরিদর্শনে এসে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১ক.১), **সংবাদ** (পৃ.১ ক.৪), **প্রথম আলো** ( পৃ.৮ ক.৬), **ডেইলি সান** (পৃ.১ ক.৫)।

**৯। দখল-দূষণে অস্তিত্ব হারাচ্ছে ঢাকার লেকসমূহ : পবার প্রতিবেদন**

পরিবেশ, জনস্বাস্থ্য ও জীববৈচিত্র্যের জন্য লেক হচ্ছে একটি আর্দশ জলাধারা। এসব উপযোগিতা বিবেচনা করে ঢাকার লেকসমূহের পানির গুণাগুণ ঠিক রাখা ও অস্তিত্ব টিকিয়ে রাখা দরকার। তবে ঢাকার লেকসমূহে ক্রমেই দূষণ ও দখল হয়ে যাচ্ছে। ঢাকার অস্তিত্বের প্রয়োজনেই লেকসমূহের দূষণ ও দখল বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ জরুরি। 'পরিবেশ বাঁচাও আন্দোলন' পবার ২০১৩ সালের জুন মাস থেকে ২০১৬ সালের মার্চ মাস পর্যন্ত নিয়মিত পর্যবেক্ষণের আলোকে একটি প্রতিবেদনে বিষয়টি জানানো হয়। গতকাল **১২** এপ্রিল মঙ্গলবার পবা কার্যালয়ে প্রতিবেদন প্রকাশ নিয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩ক.২), **ইনকিলাব** (পৃ.১২ ক.২), **প্রথম আলো** (পৃ.৯ ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩ ক.১)।

**১০। আজ চৈত্র সংক্রান্তি, আগামীকাল বাংলা নববর্ষ**

আজ চৈত্র সংক্রান্তি। বাংলা সনের সর্বশেষ মাস চৈত্রের শেষ দিন। বিভিন্ন আচার অনুষ্ঠান পালন করা হয় বছরের শেষ দিনটিতে। চৈত্র সংক্রান্তি শেষে আগামীকাল বাংলা নববর্ষের প্রথম দিন। বৈশাখ বরণ করার জন্য দেশের সব স্থানে চলছে প্রস্তুতি। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা থেকে বের হবে মঙ্গল শোভাযাত্রা। বর্ষবরণে সারাদেশে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। **সূত্র-ইত্তেফাক** (পৃ.১ক.৫), **সংবাদ** (শেষ পৃ.১ ক.১), **যুগান্তর** (পৃ.১ক.৩), **জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, যায়যায়দিন :** মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (শিক্ষাভবন) প্রায় ১০০ কোটি টাকার দরপত্রের নিয়ন্ত্রণ নিয়ে দুটি রাজনৈতিক সংগঠনের সমর্থক দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ধরণের হাঙ্গামা-জালিয়াতি রোধে সরকারের ঘোষণা অনুযায়ী সব সরকারি কাজের দরপত্র অনলাইনে আবেদনের আহ্বান জানিয়ে শিক্ষাভবনের দরপত্র নিয়ে সংঘর্ষের জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **ইত্তেফাক :** যুক্তরাষ্ট্রের 'জাতীয় স্বাস্থ্য ইনস্টিটিউট' ডেঙ্গুর টিকা উদ্ভাবন করায় স্বস্তি প্রকাশ করে তা যেন ডেঙ্গু ভাইরাসের বিরুদ্ধে শতভাগ কার্যকর হয় এ প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **জনকণ্ঠ :** রাজধানীর চারদিকে নদীগুলোর দখল-দূষণের বিরুদ্ধে সাবাইকে সচেতন ও সোচ্চার হওয়ার আহ্বান।

ঙ. **সমকাল :** বিষাক্ত তরমুজ খেয়ে টাঙ্গাইলে এক শিশুর মৃত্যুর ঘটনায় উদ্বেগ প্রকাশ করে শিশুটির মৃত্যুর কারণ নির্ণয়ে যথাযথ তদন্ত করার দাবি।

চ. **যুগান্তর, যায়যায়দিন, নিউ নেশন :** রাজধানীতে প্রচণ্ড গরমে বিভিন্ন এলাকায় তীব্র পানির সংকট দেখা যাওয়ার কথা উল্লেখ করে তা সমাধানে দ্রুত পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ছ. **ডেইলি স্টার :** ঢাকায় অধিক সংখ্যক অটোরিকশা চলাচল যানজটের অন্যতম কারণ উল্লেখ করে যত্রতত্র রাস্তাঘাটে আটোরিকশা চলাচলে নিয়ন্ত্রণ আরোপের ওপর গুরুত্বারোপ।

জ. **ডেইলি সান :** প্রচণ্ড তাপদাহে নানা রকম অসুস্থতা থেকে বাঁচতে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

ঝ. **বাংলাদেশ টুডে :** রাজধানী বর্জ্য ব্যবস্থাপনা উন্নত ও আধুনিক করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে সর্বত্র অনিয়শ্চতায় মধ্যেও পথে, কাজে, উৎসবে, শিক্ষায় নারীর অংশগ্রহণ বাড়ছে, সেটাই নারীর ও সকলের শক্তি বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'বর্বরতা-নিষ্ঠুরতা সমাজকে ক্রমেই গ্রাস করছে'** শিরোনামের নিবন্ধে হেলেনা জাহাঙ্গীর আইনের কঠোর প্রয়োগের মাধ্যমে শিশু-কিশোর অপহরণকারী ও হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির বিধান করা জরুরি বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা